মোনাখালী ভায়া আশরাফপুর সড়ক মেরামতে নিম্নমানের ইট ব্যবহার

সিরাজুদ্দোজা পাভেল:

মেহেরপুর মুজিবনগর উপজেলার মোনাখালী থেকে কোলা ভায়া আশরাফপুর সড়ক মেরামত কাজে অনিয়মের অভিযোগ উঠেছে। অভিযোগ রয়েছে নিম্নমানের ইট ব্যবহার করে মেরামত করা হয়েছে রাস্তাটি।

মুজিবনগর উপজেলা প্রকৌশল দপ্তর সূত্রে এবং সরেজমিনে গিয়ে জানা গেছে, মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রাম কোলা ভায়া আশরাফপুর সড়ক মেরামত ভিআরআরপি প্রকল্পের ১৮২০ মিঃ রাস্তা চব্বিশ লক্ষ এক হাজার তিনশত তিরাশি টাকা ব্যয়ে সড়ক মেরামতের কাজ চলছে। কাজটি পায় কুষ্টিয়া কুমারখালির ঠিকাদার নাজিম উদ্দিন।

দরপত্র অনুযায়ী প্রকল্প এলাকায় কাজের তথ্য সম্বলিত সাইনবোর্ড লাগানোর কথা থাকলেও তা লাগানো হয়নি। এছাড়াও নিম্মমানের ইট ব্যবহারের ফলে সড়কটির স্থায়িত্ব নিয়ে প্রশ্ন উঠেছে।
প্রকল্প এলাকার বাসিন্দা পিন্টু, আতিকুল ইসলাম, আশরাফুল সহ অনেকেই অভিযোগ করে বলেন, সড়কটির কাজে নিম্নমানের ইটের খোয়া ব্যবহার করা হয়েছে। তদারকি কর্মকর্তা না থাকায় ঠিকাদার নিজের ইচ্ছেমতো কাজ করছে। নিম্নমানের ইট দিয়ে রোলিং করা হয়েছে এই রাস্তায়। বালির বিষয়টা জানিনা তবে মাটিযুক্ত বালি ব্যবহার করা হয়েছে। রাস্তার সাইডে যে ইট দিয়েছে তারমধ্যে অনেক ইট আছে দুই ও তিন নম্বর।

এলাকার মোশারফ হোসেন বলেন, এখানে দুর্বল ইট দিয়ে কাজ করা হয়েছে। এ ধরণের ইট দিয়ে কাজ করার চেয়ে মাটির রাস্তায় চলাচল করা অনেক ভালো কারণ কিছুদিন পর রাস্তার আগের যে অবস্থা ছিলো তাই হয়ে যাবে।

এলাকার আলমগীর হোসেন বলেন, আমরা বলেছিলাম রাস্তাটি নিচু করতে। রাস্তাটি নিচু করলে আমাদের ভালো হতো। ইটের যে অবস্থা আগামী বছর পর্যন্ত রাস্তা টিকবে বলে আমার মনে হয়না।

সেন্টু বলেন, সড়কের পাশে আমার জমি আছে। প্রতিদিনই জমিতে আসতে হয়। আমি যতটুকু দেখেছি রাস্তার নিচে একেবারেই নিম্নমানের ইট দিয়েছে।

উপরে কিছু ভালো ইট আছে। যার ভিতরে খারাপ ওপরে ভালো দিয়ে কি হবে। এক কথায় মাকালের ফলের মত অবস্থা।

নিম্নমানের ইট ব্যবহারের বিষয়ে নিষেধ করেছন কিনা জানতে চাইলে তিনি বলেন, আমরা চাষী মানুষ আমাদের কথা কি তারা শোনে। প্রকল্প এলাকার মাঠে কাজ করা ইসমাইল হোসেন বলেন, রাস্তা তৈরিতে অধিকাংশ নিম্নমানের ইট ব্যবহার করা হয়েছে। ঠিকাদারের লোকজন তাদের ইচ্ছা মতো কাজ করেছে। তদারকির লোক না থাকলে যা হয়। তবে উপরিভাগে ভালো ইট দেওয়া হয়েছে।

রাস্তার ঠিকাদার নাজিম উদ্দিন এর মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি জানান, কাজ আমার নামে কিন্তু কাজ হ্যান্ডওভার করা হয়েছে জাকির ভাইকে। ওনারাই ডিল করছে এবং ওনারাই সব টাকা পয়সা দিয়ে কাজ করছে।

সড়ক নির্মাণে নিম্নমানের ইট ব্যবহার করা হচ্ছে জানালে তিনি বলেন, এটা আপনার ভুল ধারণা। আমার কাজে কোন খারাপ কাজ করতে পারবে না। নিম্নমানের ইট কেমন হয় আমরা জানি। ইট কেনার সময় আমি নিজে উপস্থিত ছিলাম। আপনার কোন বক্তব্য থাকলে তাদের সাথে আলাপ করেন।
এসময় জাকির হোসেনের সাথে যোগাযোগের জন্য মোবাইল নাম্বার চাইলে তিনি বলেন, এখন আমি একটু বাইরে আছি পরে ফোন করেন।

মুজিবনগর উপজেলা প্রকৌশলী শাহিন আক্তার জানান, ওই রাস্তার ছবিটা নিয়ে আসেন অফিসে, কারণ ওই রাস্তায় আমি নিজে গিয়েছি, আমার কাছে রাস্তার ছবি আছে। রাস্তায় উপরে যে ইট আমরা দিয়েছি সেটা নিম্নমানের হওয়ার কথা না। আগে (নিচে) যে ইট দেওয়া হয়েছে সেটা নিম্নমানের হতে পারে। কিন্তু আমি যে ইট দিয়েছি সেই ইট খারাপ হওয়ার কোন সুযোগ নাই। তবে নিচের ইট নিম্নমানের হতে পারে বলে তিনি স্বীকার করেন।

মেহেরপুর;এখনো ধান ঘরে তুলতে

পারেনি চাষিরা

মেহেরপুরের বিভিন্ন মাঠে অন্তত দশদিন আগে ধান পেঁকে গেলেও ধান কাটা মাড়াই করে ঘরে তুলতে পারেনি চাষিরা। এখনও অর্ধেক ধান রয়ে গেছে মাঠে। শ্রমিক সংকটের কারনে চাষিরা তাদের ফসল ঘরে তুলতে পারছেনা বলে জানিয়েছেন। অন্যদিকে শ্রমিক দূর করণ আর স্বল্প মুল্যের ফসল সংগ্রহ করার জন্য সরকার কৃষকদের প্রণোদনা স্বরুপ কম্বাইন্ড হারভেষ্ট মেশিন প্রদান করলেও সেগুলোর দেখা মিলছেনা। ফলে মহা চিন্তায় পড়েছেন চাষিরা। এদিকে কালবৈশাখীর তান্ডবে অনেক এলাকার ধান বিনষ্ট হয়েছে।

জানাগেছে জেলার তিনটি উপজেলায় বোরো আবাদ হয়েছে ১৯ হাজার ১০০ হেক্টর জমিতে। এরমধ্যে সদর উপজেলায় আট হাজার ৬২০ হেক্টর, গাংনী উপজেলায় সাত হাজার ১৫০ হেক্টর এবং মুজিবনগর উপজেলায় বোরো আবাদ হয়েছে তিন হাজার ৩৩০ হেক্টর জমিতে। জেলার মানুষের খাদ্য চাহিদার বড় অংশ পুরুন করে বোরো মৌসুম। বৈশাখের মধ্যবর্তি সময় থেকে শুরু করে শেষ পর্যন্ত চলে ধান কাটা মাড়াই। ধান রোপন ও কর্তনের সময়টা একেবারই কম হওয়ায় দেখা দেয় শ্রমিক সংকট।

শ্রমিক সংকট কাটিয়ে সঠিক সময়ে ফসলন ঘরে তুলতে প্রনোদনা হিসেবে জেলায় ৩২ টি কম্বাইন্ড হারভেস্ট মেশিন দেয়া হয় চাষিদের। শর্তারোপ করা হয়, জেলার চাহিদা মিটিয়ে অন্য জেলায় কাজ করতে পারবে। অথচ মেশিনগুলি জেলার কৃষকদের কাজে না লাগিয়ে অন্য জেলায় ভাড়া খাটাচ্ছেন। ফলে সুযোগ বুঝে দ্বিগুন পারিশ্রমিক চেয়ে বসছেন শ্রমিকরা। কালবৈশাখীর তান্ডব ছাড়াও সপ্তাহ জুড়ে মেঘলা আবহাওয়ার কারনে মাঠে ধান রেখে বিপাকে পড়েছেন চাষিরা।

ভাটপাড়া গ্রামের বোরো ধান চাষি এরশাদ আলী বলেন, আমি দু’বিঘা জমিতে বোরো আবাদ করেছি। বিঘা প্রতি কাটা খরচ দু’হাজার টাকা, বিচালি বাধায় ১২শ’ টাকা, মাড়াই এক হাজার ও পরিবহন খরচ বাবদ ব্যয় হয়েছে ৬০০ টাকা। রোপণ ও সেচ খরচ এবং সার কীটনাশক বাবদ যে খরচ হয়েছে তা পরিশোধ করে বোরো আবাদ লোকসানে পরিনত হচ্ছে। তবুও নিজের খাদ্য সংগ্রহের জন্য প্রতিবছর আবাদ করতে হয়। কাটা মাড়াইয়ের সময় শ্রমিক সংকট দেখা দিলে আমাদের লেজে গবরে এক হয়ে যায়। ভর্তুকির হারভেস্ট মেশিন যদি নিজ জেলায় খাটানোর নির্দেশ থকতো তবে বোরো আবাদে কৃষকরা টিকে থাকবে নচেত এ আবাদে আগ্রহ হারাবে।

গাংনীর কুঞ্জনগরের বোরো চাষী মজনুর রহমানের দাবী বর্তমানে দ্বিগুন মজুরি দিয়েও শ্রমিক পাওয়া যাচ্ছেনা। ধান কেটে বেশ কয়েকদিন মাঠে রেখে এসেছি। আজো ঘরে তুলতে পারিনি। পরিবারের একবছরের খাবার মাঠে পড়ে থাকায় রাতের ঘুম হারাম হয়ে গেছে। তবে কম্বাইন্ড হারভেস্ট মেশিনগুলি নিজ নিজ এলাকায় কাজ করার নির্দেশনা থাকলে স্থানীয় কৃষকরা উপকৃত হবে বলেও মন্তব্য করেন তিনি।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক স্বপন কুমার খাঁ বলেন, মেহেরপুরে সময় সময় শ্রমিক সংকট হয়ে পড়ে। শ্রমিকদের দ্বিগুন মজুরি দিয়েও শ্রমিক পাওয়া যায়না কৃষকদের অভিযোগ সত্য,কিন্তু যারা কৃষক তারাই শ্রমিক। কিছু কিছু সময় শ্রমিকরাই সযোগবুঝে অধিক পারিশ্রমিক নিয়ে আবাদীদের বিপদে ফেলেন। প্রণোদনার হারভেস্টি মেশিন কোথায় কাজ করবে তার কোনো দিক নির্দেশনা নেই। তবে আমরা নিজ নিজ এলাকায় কাজ করার অনুরোধ করতে পারি।

কাথুলী ইউনিয়ন পরিষদে ঈদ উপলক্ষে প্রধানমন্ত্রীর দেওয়া নগদ অর্থ বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে ঈদ উল ফিতর উপলক্ষে গরীব দুঃখি অসহায় মানুষদের মাঝে মাননীয় প্রধান মন্ত্রীর নগদ অর্থ বিতরণ।

আজ রবিবার সকাল ৯.৩০ মিনিটের সময় মাননীয় প্রধান মন্ত্রীর দেওয়া উপহার যে নগদ অর্থ তা বিতরন কার্যক্রমের সূচনা করেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যন এম এ খালেক।

সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও ১নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌর আওয়ামীলীগের সাধারন

সম্পাদক আনারুল ইসলাম বাবু। ইউনিয়ন পরিষদের হিসাব রক্ষক আসলাম হোসেন। সহ ইউনিয়ন পরিষদের মহিলা মেম্বার বৃন্দ সহ সকল মেম্বার বৃন্দ।

এসময় প্রধান অতিথি এম এ খালেক জানান আপনাদের জন্য যে মানুষটি সব সময় ভাবেন যার ধ্যান ঙ্গান সব কিছুই আপনাদের নিয়ে তাই জননেত্রী শেখ হাসিনা আপনাদের মাঝে ১০ কেজি চালের মুল্যে সমান টাকা ৪৫০ যা আপনাদের ঈদ উপহার হিসেব প্রদান করলেন।তাই সকলে মাননীয় প্রধান মন্ত্রীর জন্য দোয়া করবেন।

এ বিষয় কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান ঈদ উল ফিতর উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী আপনাদের মাঝে যে নগদ অর্থ প্রদান করে ঈদের আনন্দ টাকে ভাগ করে নিয়েছেন। সেই সাথে এটা আপনাদের অধিকার আছে এটা নেওয়া আপনাদের জন্য মোটেও লজ্জার কিছু না। তাই সকলে মাস্ক ব্যাবহার করবেন এবং সুস্থ থাকবেন।

কোভিড-১৯ দূর্যোগে ক্ষতিগ্রস্ত শ্রমিকদের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার বিতরণ

কোভিড-১৯ দূর্যোগে ক্ষতিগ্রস্ত অসহায় মানুষের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার (চাউল) বিতরণ করা হয়েছে। সোমবার সকালে

মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয় চত্বরে করোনা ভাইরাসে ক্ষতিগ্রস্ত অসচ্ছল ও কর্মহীন প্রায় দুই হাজার (মেহেরপুর সদর, মজিবনগর, গাংনী) জন মটর শ্রমিকের মাঝে প্রধানমন্ত্রীর উপহার (চাউল) বিতরণ করা হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম উপস্থিত থেকে মটর

শ্রমিকদের মাঝে সামাজিক দূরত্ব বজায় রেখে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করেন। এ সময় তিনি বলেন, আপনারা হতাশ হবেন না। মাননীয় প্রধানমন্ত্রী আপনাদের নিয়ে ভাবছেন। তিনি আপনাদের জন্য খাদ্য সামগ্রী পাঠিয়েছেন। একজন মানুষকেও না খেয়ে থাকতে দেয়া হবে না। এই সময় কর্মহীন মটর শ্রমিকরা প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী পেয়ে অনেক আনন্দিত। তারা বলেন করোনাকালীন সময়ে আমরা কর্মহীন হয়ে মানবেতর জীবন যাপন করছিলাম ঠিক সে সময় প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী পেয়ে আমরা অনেক উপকৃত হলাম।

একই দিনে বাবা ও চাচাকে হারালেন সাংবাদিক অল্ডাম

মেহেরপুরের গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক ইত্তেফাক পত্রিকার সংবাদদাতা আমিরুল ইসলাম অল্ডামের বাবা হাজী মহাম্মদ ফয়েজ উদ্দীন শেখ ইন্তেকাল করেছেন (ইন্না-রাজিউন)।

রবিবার দিবাগত রাত পৌনে ১০টার সময় বার্ধক্যজনিত কারণে নিজ বাসভবনে হাজী মহাম্মদ ফয়েজ উদ্দীন শেখ শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি স্ত্রী,সন্তানসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।
মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৬ বছর। হাজী মহাম্মদ ফয়েজ উদ্দীন মেহেরপুরের গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামের বাসিন্দা। হাজী ফয়েজ উদ্দীন শেখের জানাজা নামাজ আজ সোমবার সকালে অনুষ্ঠিত হবে।

এদিকে, গতকাল রবিবার ভোরে সাংবাদিক অল্ডামের চাচা হাফিজ উদ্দিন শেখ ইন্তেকাল করেন। দুপুরে মরহমের জানাযা ও দাফন সম্পন্ন হয়। সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডামের বাবা ও চাচার মৃত্যুতে শোক ও সমবেদনা প্রকাশ করেছেন মেহেরপুর প্রতিদিন পরিবার, মেহেরপুর জেলা প্রেস ক্লাবসহ জেলায় কর্মরত সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ।

[redacted]

[redacted]

[redacted]

সামগ্রী বিতরন

প্রধানমন্ত্রীর নির্দেশে ঈদকে সামনে রেখে করোনার কারনে কর্মহীন হয়ে পড়া গরীব অসহায় মানুষের মাঝে ত্রান সামগী বিতরন করেছে জেলা পরিষদ মেহেরপুর।
সেই লক্ষে মুজিবনগর উপজেলার বিভিন্ন ইউনিয়নের মত বাগোয়ান ইউনিয়নে গিয়ে ত্রান সামগ্রী পৌছায়ে দিয়ে আসেন জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ গোলাম রসুল।

এ সময় জেলা পরিষদের ভারপ্রাপ্ত নির্বাহী প্রধান শাহীদুল ইসলাম,হিসাব রক্ষক জিল্লুর রহমান,জেলা পরিষদের সদস্য শাহীন উদ্দীন শাহীন।
উল্যেখ্য, রবিবার দিনব্যাপী মুজিবনগর উপজেলার ৪ ইউনিয়নে মোট ৪ হাজার পরিবারের মাঝে ত্রান বিতরন করায় হয়।
পর্যায়ক্রে জেলায় ৩ হাজার পরিবারের মাঝে এ সকল ত্রান সামগ্রী বিতরন করা হবে।

দামুড়হুদায় মাটি কাটার অপরাধে ৩০ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার জয়রামপুর চৌধুরী পাড়া গ্রামের ঝেটের বিলে অবৈধভাবে মাটি কাটার অভিযোগে একজনকে ৩০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শনিবার দুপুরের দিকে ভ্রাম্যমাণ আদালতের সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ এই দণ্ডাদেশ দেন।
দণ্ডপ্রাপ্ত হলেন- দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর চৌধুরী পাড়া গ্রামের আফজাল মেম্বারের ছেলে মজিবার রহমান (৩৮)।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, অভিযোগের ভিত্তিতে গতকাল শনিবার দুপুরের দিকে জয়রায়পুর চৌধুরী পাড়া গ্রামে ভ্রাম্যমাণ

আদালতের অভিযান হয়।
পরে এক জনকে সরকারি অনুমতি ছাড়াই জমির মাটি উত্তোলন করে বিভিন্ন ইট ভাটায় বিক্রি করার অপরাধে স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ অনুসারে ত্রিশ হাজার টাকা (৩০,০০০/-) জরিমানা করেন। ভ্রাম্যমাণ আদালতের সহকারী কমিশনার ভূমি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ।
ভ্রাম্যমাণ আদালতে সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানার পুলিশের সদস্যরা।

আলমডাঙ্গা পৌর সভায় প্রধানমন্ত্রীর উপহার বিতরণ

আলমডাঙ্গা পৌর সভায় ঈদুল ফিতর ও মহামারি করোনা ভাইরাসের ২য় ঢেউ মোকাবেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার বিতরণ করা হয়েছে। গতকাল শনিবার ১১টার দিকে পৌর পরিষদ চত্তরে ৪’শ ৪১টি পরিবারের মাঝে মুজিব বর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার ৪’শ ৫০ টাকা করে মোট ২ লাখ টাকা বিতরণ করেন পৌর মেয়র।

প্রধানমন্ত্রীর উপহার বিতরণ উদ্বোধন করেন পৌর মেয়র ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গনু।
এসময় তিনি বলেন, সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। প্রতিবেশী বা পরিবারের কোন ব্যক্তির মাঝে করোনা ভাইরাসের উপসর্গ দেখা দিলে ডাক্তারের পরামর্শ দিতে হবে।

বর্তমান সরকার উন্নয়নের সরকার। অসহায় গরীব দুঃখি মানুষের সরকার।

আমাদের প্রধানমন্ত্রী আপনাদের জন্য মহামারি করোনা ভাইরাসের ২য় ঢেউ মোকাবেলা ও ঈদুল ফিতর উপলক্ষে এ উপহার পাঠিয়েছেন।
এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারন অফিসার সোহেল রানা, কাউন্সিলর সদরউদ্দিন ভোলা, ডালিম হোসেন, বাপ্পি, সাইফুল ইসলাম, বাবুমিয়া, আলাল হোসেন, খন্দকার মজিবুল হক, গাফ্ফার হেসেন, প্রমুখ।

c

স্বামীকে স্বড়যন্ত্র মুলক বিপদে ফেলায় প্রতিকার চেয়ে সংবাদ সম্মেলন

স্বামীকে স্বড়যন্ত্র মুলক বিপদে ফেলায় প্রতিকার চেয়ে, আলমডাঙ্গা কলেজপাড়ার এরিনা খাতুন নামের এক মহিলা সাংবাদিক সম্মেলন করেছে। লিখিত বক্তব্যে এরিনা খাতুন উল্লেখ করেছেন, আমার স্বামী একজন নিরিহ মানুষ। সে মুরগী ব্যবসা করে জীবিকা নীর্বাহ করে আসছে। তাকে স্বড়যন্ত্র মুলক ভাবে অপহরণ ঘটনায় জড়ান হয়েছে।

এই ঘটনার নেপথ্যের কারণ হলো, আলমডাঙ্গা চাতাল মোড়ে আমার শশুর সহ ৪ চাচা শশুরের ১১ কাঠা জমি আছে। সেই জমির সামনের অংশ দখল করা। যা ইতিমধ্যে আমার চাচা শশুর কাজী হারুনার রশিদ ও তার ছেলে কাজী সজিব বিল্ডিং নির্মান করেছেন। আমার শশুর কাজী লাল নিরিহ মানুষ হওয়ায় সে কোন প্রতিবাদ করতে পারে নি।

আমার স্বামী কাজী সুমন এর প্রতিবাদ করতো যে কারনে তাকে এই স্বড়যন্ত্র মুলক অপহরণ মামলায় ফাঁসিয়েছে।
আমি সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রশাসনের নিকট দাবী জানাচ্ছি ঘটনাটি তদন্ত পুর্বক সুবিচার প্রার্থনা করছি।